অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd

বিজ্ঞপ্তি নং: ৮১৮

তারিখ : ২০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস)/ডিগ্রী শ্রেণিতে ১ম মেধাতালিকা হতে ভর্তির বিজ্ঞপ্তি

**ভর্তির শাখাসমূহ ঃ**
- ব্যাচেলর অব আর্টস [বিএ (পাস)]
- ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স [বিএসএস (পাস)]
- ব্যাচেলর অব সায়েন্স [বিএসসি (পাস)]
- ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ [বিবিএস (পাস)]

**বিষয়সমূহ ঃ**

প্রত্যেক শাখার শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক বিষয়সমূহ হলো ঃ
১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)
২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)
৩) ইংরেজি (৩য় বর্ষ)

অতিরিক্ত বিষয় সমূহ হতে হবে ০৩ (তিনটি)

বি.এ (পাস) ঃ প্রতি গুচ্ছ থেকে ১টি করে মোট ৩টি বিষয় নির্বাচন করতে হবে।
(ক) গুচ্ছ-ইতিহাস (১১১৫০৩)/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১১১৬০১)
(খ) গুচ্ছ- দর্শন (১১১৭০১)/ভূগোল ও পরিবেশ (১১৩২০১)
(গ) গুচ্ছ- অর্থনীতি (১১২২০১)/রাষ্ট্রবিজ্ঞান (১১১৯০১)

বি.এস.এস (পাস) ঃ (ক) গুচ্ছ থেকে ২টি ও (খ) গুচ্ছ থেকে ১টি করে মোট ৩টি বিষয় নির্বাচন করতে হবে।
(ক) গুচ্ছ- অর্থনীতি (১১২২০১) ও রাষ্ট্রবিজ্ঞান (১১১৯০১); (বাধ্যতামূলক), (খ) গুচ্ছ- ভূগোল ও পরিবেশ (১১৩২০১)/ইতিহাস (১১১৫০৩)/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১১১৬০১) /দর্শন(১১১৭০১)

বি.বি.এস (পাস) ঃ হিসাববিজ্ঞান (১১২৫০১), ব্যবস্থাপনা (১১২৬০১) এবং অর্থনীতি (১১২২০১); (বাধ্যতামূলক)

বি.এস.সি (পাস) ঃ (ক) গুচ্ছ-হতে ২টি পদার্থবিজ্ঞান (১১২৭০১) ও গণিত (১১৩৭০১)/ (বাধ্যতামূলক) (খ) গুচ্ছ- ১টি হতে রসায়ন (১১২৮০১)/ ভূগোল ও পরিবেশ (১১৩২০১)/উদ্ভিদবিজ্ঞান (১১৩০০১) /প্রাণিবিজ্ঞান (১১৩১০১)

অথবা

(গ) গুচ্ছ-হতে ২টি উদ্ভিদবিজ্ঞান (১১৩০০১) ও প্রাণিবিজ্ঞান (১১৩১০১) (বাধ্যতামূলক)
(ঘ) গুচ্ছ-হতে ১টি রসায়ন (১১২৮০১)/ভূগোল ও পরিবেশ (১১৩২০১)/গণিত(১১৩৭০১) /পদার্থবিজ্ঞান (১১২৭০১)

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির ফরম জমাদান প্রক্রিয়া

**ধাপ-১:** http://app1.nu.edu.bd/ এই লিংকে গিয়ে Applicant's Login করে Degree Admission Form এর PDF কপি ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে (স্টুডেন্ট কপি এবং কলেজ কপি)।

**ধাপ-২:** Admission form এর প্রিন্ট কপিতে Student's Signature & Date এর জায়গায় শিক্ষার্থী তার স্বাক্ষর ও তারিখ দিবে।

**ধাপ-৩:** নিউ গভঃ ডিগ্রী কলেজের ওয়েবসাইটে (https://www.ngdc.ac.bd/)প্রবেশ করে **Admission** মেনুতে যাবে। এখানে **Degree Admission** লিংকে প্রবেশ করবে। **Click Here** আইকনে ক্লিক করে বক্সে **Degree Admission Roll** টাইপ করে **Next** করলে স্ক্রিনে একটি ফরম আসবে।

**ধাপ-৪:** ফরমে শিক্ষার্থী নিজের মতো একটি **৪ সংখ্যার Password** দিবে এবং সকল তথ্য সঠিকভাবে পুরণ করবে, রকেট এপস এ প্রবেশ করে বিলার আইডি **244** তে **Admission Roll** রেফারেন্স হিসেবে প্রবেশ করে যে সাবজেক্টে ভর্তি হতে চায় তার ভর্তি ফি প্রদান করে, নিজের পাসপোর্ট সাইজ ছবি **(file size less than 100kb)** আপলোড করে **Submit** করবে।

**ধাপ-৫:** সবকিছু ঠিক থাকলে শিক্ষার্থীর ফরমপূরণ সফলভাবে সম্পন্ন হয়েছে দেখাবে। এখানে একটি College Admission Form ও একটি Pay slip/Confirmation Slip ডাউনলোড করতে বলবে। College Admission Form ও Pay slip/Confirmation Slip ডাউনলোড করে প্রিন্ট (২ কপি) করতে হবে।

ধাপ-৬: শিক্ষার্থী নিজে কলেজে এসে **ভর্তি কমিটি** কর্তৃক সরবরাহকৃত সিলযুক্ত খামের উপর সকল তথ্য যথাযথভাবে পূরণ করে এবং নিম্নলিখিত কাগজপত্র (সত্যায়িত বাধ্যতামূলক নয়) ভর্তি কমিটির অফিস সহায়ক মোঃ এবাদুল হক বাদল (ক্যাশ কাউন্টার) ০৫/১১/২০২৫ খ্রি. থেকে ১৭/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) সকাল ১০:০০টা হতে দুপুর ০১:০০টার মধ্যে জমা দিতে হবে।

বি:দ্র: নির্ধারিত তারিখের মধ্যে নিম্নে উল্লেখিত কাগজপত্র জমাদান করলে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

যা-যা জমা দিতে হবে ঃ

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রাপ্ত চূড়ান্ত ভর্তি আবেদন ফরম এর প্রিন্ট কপি (কলেজ কপি এবং স্টুডেন্ট কপি);
২. নিউ গভঃ ডিগ্রী কলেজের ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণের পর প্রাপ্ত College Admission Form ও Pay slip/Confirmation Slip-এর প্রিন্ট কপি;
৩. এসএসসি ও এইচএসসি (সমমান) পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও এর ১ সেট ফটোকপি;
৪. সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ কপি ছবি;
৫. শিক্ষার্থীর জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি;
৬. অভিভাবকের (পিতা ও মাতা) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
৭. বীর মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানের সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তির সুযোগপ্রাপ্তদের কোটা সনদের মূলকপি প্রদর্শন করতে হবে ও এর ফটোকপি জমা দিতে হবে;

❖ **ভবিষ্যৎ প্রয়োজনের জন্য মূল কাগজপত্র জমাদানের পূর্বে পর্যাপ্ত সংখ্যক ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে।**

**ভর্তি সংক্রান্ত কাজের জন্য রকেটে প্রেরিত টাকার পরিমাণ ঃ**

বিভিন্ন বিভাগে ভর্তির জন্য টাকার পরিমাণ ঃ

(১) বি.এ (পাস) = ৪,২১৩ + অনলাইন ফি ৩০ = ৪,২৪৩/- টাকা
বিষয় ভূগোল থাকলে টাকার পরিমাণ = ৪,৩৪৩/- টাকা

(২) বি.এস.এস (পাস) = ৪,২১৩ + অনলাইন ফি ৩০ = ৪,২৪৩/- টাকা
বিষয় ভূগোল থাকলে টাকার পরিমাণ = ৪,৩৪৩/- টাকা

(৩) বি.এসসি (পাস) ৪,৩১৩ + অনলাইন ফি ৩০ = ৪,৩৪৩/- টাকা।

(৪) বি.বি.এস (পাস) = ৪,২১৩ + অনলাইন ফি ৩০ = ৪,২৪৩/- টাকা

বি: দ্র: ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions কলেজ ওয়েবসাইট www.ngdc.ac.bd কলেজের অফিসিয়াল ফেসবুক পেজ www.facebook.com/ngdcofficical থেকে জানা যাবে।


প্রফেসর কালাচাঁদ শীল-৭৭০৩
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫০৬৩০
ই-মেইল: ngdcrajbd@yahoo.com
05.11.2025

05.11.2025
ড. মোঃ আব্দুল মালেক-০১৪১৫২
সহযোগী অধ্যাপক, অর্থনীতি
ও
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি- ২০২৫
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী